যুগান্তর

তারিখ: 18 MAY 2013
পৃষ্ঠা: ২০ কলাম: ১

# দেড় হাজার স্কুল মাদ্রাসায় 'স্টুডেন্ট ক্যাবিনেট' হচ্ছে

## সরাসরি ভোটে নেতৃত্ব

মুসতাক আহমদ

দেশের মাধ্যমিক পর্যায়ের প্রায় দেড় হাজার স্কুল ও মাদ্রাসায় 'স্টুডেন্ট ক্যাবিনেট' গঠনের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। রোববার এ সংক্রান্ত আদেশ জারি করা হয়েছে। বিশ্ববিদ্যালয় পর্যায়ের 'ছাত্র ইউনিয়ন' এবং প্রাথমিক বিদ্যালয়ের 'স্টুডেন্ট কাউন্সিল'র আদলে হবে এই ক্যাবিনেট। বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমে শিক্ষকদের সহায়তা এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের নেতৃত্ব

হচ্ছে : পৃষ্ঠা ১৬ : কলাম ১

## হচ্ছে : স্টুডেন্ট ক্যাবিনেট

(শেষ পৃষ্ঠার পর)

দেয়ার লক্ষ্যে এই 'স্টুডেন্ট ক্যাবিনেট' গঠনের উদ্যোগ নেয়া হয়েছে। বিশেষ করে শিক্ষা প্রতিষ্ঠান পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ পরিবেশ সংরক্ষণ, পুস্তক ও শিখন সামগ্রী, স্বাস্থ্য, ক্রীড়া ও সংস্কৃতি, পানিসম্পদ, বৃক্ষরোপণ ও বাগান তৈরি, অভ্যর্থনা ও আপ্যায়নসহ বিভিন্ন কর্মকাণ্ডে ভূমিকা রাখবে এই ক্যাবিনেট। এ ব্যাপারে জারিকৃত মন্ত্রণালয়ের আদেশে বলা হয়েছে, প্রথমবারের মতো পরীক্ষামূলকভাবে এ বছরই সব উপজেলায় ও মহানগরে একটি করে মাধ্যমিক বিদ্যালয় (সহশিক্ষা), ১টি দাখিল মাদ্রাসা ও ১টি কারিগরি বিদ্যালয়ে এই ক্যাবিনেট গঠন করতে হবে। ক্যাবিনেটের ফোকাল পয়েন্ট করা হয়েছে বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) পরিচালককে। বর্তমানে দেশে ৪৮৮টি উপজেলা ও ১০টি মহানগর রয়েছে। সেই হিসাবে সারা দেশে মোট ১ হাজার ৪৭৪টি শিক্ষা প্রতিষ্ঠানে এই ক্যাবিনেট গঠন করতে হবে। জানতে চাইলে ব্যানবেইস পরিচালক মো. ফসিউল্লাহ যুগান্তরকে বলেন, কিশোর বয়স থেকে গণতন্ত্র চর্চা ও গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল হওয়া, পরমতসহিষ্ণুতা, নেতৃত্বের গুণ সৃষ্টি, বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমে শিক্ষকদের সহযোগিতা, বিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ উন্নত করার জন্য এই স্টুডেন্টস ক্যাবিনেট গঠনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। ফোকাল পয়েন্ট হিসেবে তিনি শিক্ষা প্রতিষ্ঠানে নির্বাচন ও তাতে এই ক্যাবিনেট গঠনে সহায়তা করবেন বলে জানান।

স্টুডেন্ট ক্যাবিনেট গঠন উপলক্ষে গত ২২ মার্চ জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমিতে (নায়েম) জাতীয় কর্মশালা অনুষ্ঠিত হয়। রোববার মন্ত্রণালয়ের আদেশে বলা হয়, কর্মশালায় পাওয়া পরামর্শ ও মতামতের ভিত্তিতে স্টুডেন্টস ক্যাবিনেট ম্যানুয়েল ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জানান, এ ক্যাবিনেট গঠনের জন্য স্কুল-মাদ্রাসায় সরাসরি ভোটের আয়োজন করা হবে। ভোটে মোট ৭ জন সদস্য নির্বাচিত হবে। ষষ্ঠ থেকে দশম শ্রেণীর প্রতিটি ক্লাস থেকে একজন করে সদস্য এবং বাকি দু'জন সর্বোচ্চ ভোটে যে কোনো ক্লাস থেকে নির্বাচিত হবে। এ ক্যাবিনেটের মেয়াদ হবে এক বছর। ব্যানবেইস পরিচালক জানান, মূল কাজটি করবে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি)। তিনি কেবল সহায়তা করবেন। তিনি আরও জানান, কেবিনেট গঠনের জন্য তারা সব উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে চিঠি দেবেন। শিক্ষা অফিসার প্রতিষ্ঠান বাছাই করে তাদের জানাবেন। এরপর তারা ছোটদের নেতা নির্বাচনের আয়োজন করবেন। প্রসঙ্গত, এর আগে প্রাথমিক শিক্ষা অধিদফতরের (ডিপিই) উদ্যোগে দেশের বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে 'স্টুডেন্ট কাউন্সিল' চালু করা হয়। তৃতীয় থেকে পঞ্চম শ্রেণীর ছাত্রছাত্রীরা তাতে অংশ নিচ্ছে। এ ব্যাপারে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, ইতিপূর্বে প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের মধ্যে এ ধরনের কার্যক্রম চালু হয়েছে। ফলে সেখান থেকে অভিজ্ঞতা নেয়ার সুযোগ রয়েছে। এখন মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের বয়স, বৈশিষ্ট্য, গতিপ্রকৃতি বিবেচনায় রেখে কর্মপন্থা প্রণয়ন করা হয়েছে। এই প্রক্রিয়ায় শিক্ষার্থীরা ছোট সময় থেকেই গণতান্ত্রিক মানসিকতা ও নেতৃত্বের গুণ নিয়ে বড় হবে।